

স্মারক নং-স্বাপকম/প্রশা-১/এডি/সি-০১/২০১১/১৩০১


তারিখঃ ৩০ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ
১৫ শ্রাবণ ১৪২২ বঙ্গাব্দ

অফিস আদেশ

অর্থ মন্ত্রণালয়ের ২৬/১১/২০১৫ তারিখের ০৭.১৫৩.০১৫.০৭.০০.০০২.২০০৭-৭৪৬ সংখ্যক স্মারকে আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ এর ৪(ক) অনুচ্ছেদ অনুযায়ী ১৬-২০ নং গ্রেডভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির পদে আউট সোর্সিং পদ্ধতিতে সেবা ক্রয়ের ক্ষেত্রে মাসিক ন্যূনতম সেবামূল্য নির্ধারিত রয়েছে এবং উক্ত সেবা মূল্যের অর্থ আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত জনবলের ব্যাংক হিসাবে জমা প্রদানের শর্ত রয়েছে। কিন্তু বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান/হাসপাতাল/মেডিকেল কলেজ/মেডিকেল কলেজ হাসপাতাল/সিভিল সার্জন অফিসে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করা হচ্ছে না এবং আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত কর্মচারীগণকে নির্ধারিত বেতনের চেয়ে অনেক কম টাকা প্রদান করা হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে।

২। এমতাবস্থায়, এ মন্ত্রণালয়াধীন সকল অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর ও স্বাস্থ্য প্রতিষ্ঠান/হাসপাতাল/মেডিকেল কলেজ/মেডিকেল কলেজ হাসপাতাল/সিভিল সার্জন অফিসে আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত সকল কর্মচারীকে সরকারি বিধি মোতাবেক নির্ধারিত বেতন ভাতা প্রত্যেকের নামে চেকের মাধ্যমে পরিশোধ করার জন্য নির্দেশনা প্রদান করা হল এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এ বিষয়টি নিশ্চিত করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd


স্মারক নং-স্বাপকম/প্রশা-১/এডি/সি-০১/২০১১/১৩০১/১(২০০)

তারিখঃ ৩০ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ
১৫ শ্রাবণ ১৪২২ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (সকল),মেডিকেল কলেজ হাসপাতাল।
- ৩। অধ্যক্ষ (সকল),মেডিকেল কলেজ।
- ৪। পরিচালক (সকল),বিশেষায়িত হাসপাতাল।
- ৫। যুগ্ম-সচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৮। পরিচালক (স্বাস্থ্য), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ৯। লাইন ডাইরেক্টর (সকল).....।
- ১০। সিভিল সার্জন(সকল),জেলা।
- ১১। উপসচিব (বাজেট অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। তত্ত্বাবধায়ক.....।
- ১৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল, জেলা।
- ১৪। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ১৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৯। পরিচালক, সেবা পরিদপ্তর, ঢাকা।
- ২০। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ২১। অতিরিক্ত সচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

তার অধীনস্থ সংশ্লিষ্ট
সকলকে অবহিত করার
অনুরোধসহ।


(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
উপসচিব